**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**
**Date: 21-10-2025**
**Time : 1.40 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

*********************************************************************

রাজ্যজুড়ে রেশন পরিষেবা ও ধান ক্রয় সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, সহজ ও নাগরিক-বান্ধব করতে খাদ্য দফতর এক জানালা ব্যবস্থা চালু করছে। এর আওতায় কেন্দ্রীয় ভাবে একটি হেল্পডেস্ক-সহ-কল সেন্টার চালু করা হবে, যার মাধ্যমে রেশন পরিষেবায় যুক্ত নাগরিক ও ধান বিক্রয়কারী কৃষকেরা সরাসরি খাদ্য দপ্তরের সঙ্গে যোগাযোগ করে নিজেদের অভিযোগ ও সমস্যার কথা জানাতে পারবেন।

কেন্দ্রীভূত এই কল সেন্টার সপ্তাহে সাত দিন সকাল থেকে রাত পর্যন্ত টানা ১২ ঘন্টা কাজ করবে। বাংলা, ইংরেজি ও হিন্দি— তিন ভাষাতেই তথ্য ও অভিযোগ সংক্রান্ত সহায়তা পাওয়া যাবে। হেল্পলাইন নম্বরগুলি হল ১৯৬৭, ১৪৪৪৫ এবং ১৮০০ ৩৪৫৫৫০৫। এর পাশাপাশি নাগরিকরা এসএমএস, হোয়াটসঅ্যাপ, ই-মেইল বা অনলাইন পোর্টালের মাধ্যমেও অভিযোগ জানাতে পারবেন।

দপ্তরের তরফে জানানো হয়েছে, প্রতিটি অভিযোগের জন্য পৃথক টিকিট নম্বর দেওয়া হবে, যাতে অভিযোগকারীরা সহজেই পরবর্তী আপডেট পেতে পারেন। অভিযোগের তথ্য বিশ্লেষণ করে নিয়মিত রিপোর্ট তৈরি করা হবে, যাতে বারবার পুনরাবৃত্ত সমস্যা বা প্রশাসনিক ঘাটতি চিহ্নিত করা যায়।

*********************************************************************

মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব এবং অভিবাসন দফতর, USCIS ব্যাখা দিয়ে জানিয়েছে, ট্রাম্প প্রশাসন H-1B ভিসার জন্য ১ লক্ষ ডলার ফি নেওয়ার যে নতুন ব্যবস্হা চালু করেছে, তা মার্কিন যুক্তরাষ্ট্রে ইতিমধ্যেই ইন্টারন্যাশনাল গ্র্যাজুয়েট বা বর্তমান H-1B ভিসাধারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। দফতর আরও জানিয়েছে, যাদের কাছে বৈধ F-1, L-1, বা H-1B ভিসা রয়েছে, যারা সেগুলির মেয়াদ বাড়াতে চান, বা স্টেটাস পরিবর্তন করতে চান, তাদের ক্ষেত্রেও নতুন এই ফিজ লাগবে না।

ট্রাম্প প্রশাসনের নতুন এই H-1B ভিসার ফিজ ঘোষণার পর বিভিন্ন মহলে বিভ্রান্তি ছড়ানোয় দফতরের পক্ষ থেকে স্পষ্ট ব্যাখ্যা দিয়ে এই তথ্য জানানো হয়েছে। দফতর বলেছে, ২১-শে সেপ্টেম্বরের পর H-1B ভিসার নতুন আবেদন প্রার্থীদের এই ফিজ লাগবে। চলতি H-1B ভিসাধারীদের ভ্রমণ অধিকারের ওপরেও তার কোন প্রভাব পড়বে না। মার্কিন অভিবাসন দফতরের এই স্পষ্ট ব্যাখ্যা দেওয়ার পরে ভারতীয় পেশাজীবী ও পড়ুয়াদের এক বড়রকম স্বস্তি মিলেছে। নতুন H-1B ভিসা বরাদ্দের প্রায় ৭০ শতাংশই হলেন এরা। বিশ্লেষকরা সতর্ক করে দিয়ে বলেছেন, বর্তমানের তুলনায় এই ২০ থেকে ১-শো গুণ বেশি ফিজ দিতে হলে স্টার্টাপ কোম্পানীগুলির ক্ষেত্রে আদৌ তা সম্ভব হবে না।

*********************************************************************

কালিপুজো রাতে কলকাতায় নিষিদ্ধ বাজি পোড়ানোর জন্যে ১৮৩ জনেক গ্রেপ্তার করা হয়েছে। এছাড়া, উচ্ছৃঙ্খল আচরনের জন্য গ্রেপ্তার হয়েছে ৪৫১ জন। নিষিদ্ধ বাজি বাজেয়াপ্ত করা হয়, ৮৫২ কেজির বেশি। পুলিশ কমিশনার মনোজ ভার্মা জানালেন, অন্য শহরের তুলনায় কলকাতায় শব্দবাজির উৎপাত ছিল কম।

(বাইট- মনোজ ভার্মা )

কলকাতা ট্রাফিক পুলিশ হেলমেট ছাড়া বাইক চালানও, মদ্যপ অবস্হায় গাড়ী চালানো সহ আইন লঙ্ঘনের বিভিন্ন ঘটনায় মোট ৮৮২ জনকে গ্রেপ্তার করেছে।

*********************************************************************

রাজ্য প্রশাসনের অনুরোধে কালী প্রতিমা নিরঞ্জনের জন্য আজ থেকে ২৩ অক্টোবর পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন চক্র রেল চলাচল নিয়ন্ত্রণ করছে। এই সময় শিয়ালদা–বিবাদী বাগ এবং বিবাদী বাগ-বারুইপুর লোকাল বাতিল থাকছে। বারাসাত–মাঝেরহাট, দত্তপুকুর–মাঝেরহাট এবং নৈহাটি–বালিগঞ্জ লোকাল কলকাতা স্টেশনে যাত্রা শেষ করবে। ওই স্টেশনে থেকেই যাত্রা শুরু করবে মাঝেরহাট–হাবড়া এবং মাঝেরহাট–বারাসাত লোকাল। নৈহাটি–মাঝেরহাট লোকাল ঘুরপথে চলবে। হাবড়া–মাঝেরহাট লোকাল কাঁকুড়গাছি রোড জংশন-বালিগঞ্জ হয়ে মাঝেরহাট স্টেশনে যাবে। মাঝেরহাট–দত্তপুকুর গ্যালপিং লোকাল বালিগঞ্জ স্টেশন থেকে ছাড়বে এবং বালিগঞ্জ–কাঁকুড়গাছি রোড হয়ে চলবে।

*********************************************************************

কালীপুজো উপলক্ষ্যে যাত্রীদের সুবিধার্থে **পূর্ব রেলের** শিয়ালদা ডিভিশন আজ ও আগামীকাল রাতে শহরতলীর বিভিন্ন শাখায় বিশেষ ট্রেন পরিষেবা দিচ্ছে। যেসব শাখায় রাত্রিকালীন এই বিশেষ পরিষেবা দেওয়া হচ্ছে সেগুলি হল শিয়ালদা-ডানকুনি, শিয়ালদা-বারাসাত, বনগাঁ-বারাসাত, শিয়ালদা-রানাঘাট এবং শিয়ালদা-বারুইপুর।

*******************************************************************

হাওড়ার উলুবেড়িয়ার শরৎচন্দ্র চট্টোপাধ্যায় মেডিক্যাল কলেজ হাসপাতালে, অস্থায়ী ট্রাফিক হোমগার্ডের হাতে মহিলা জুনিয়ার চিকিৎসক নিগৃহীত হয়েছেন বলে অভিযোগ উঠেছে।

পুলিশের পরিচয় দিয়ে ওই হোমগার্ড, মহিলা ডাক্তারকে অশ্লীল ভাষায় গালিগালাজের পাশাপাশি তাঁর হাত মচকে দেয় এবং রাস্তায় বেরোলে তাঁকে ধর্ষণ করা হবে বলে হুমকি দেয়। অন্যান্য নার্স এবং আয়ারা এসে ওই ডাক্তারকে নিগ্রহের হাত থেকে উদ্ধার করেন। ওই হোমগার্ড তাঁর এক আত্মীয়াকে নিয়ে হাসপাতালের প্রসূতি বিভাগে দেখাতে এসেছিল। রোগী দেখাকে কেন্দ্র করেই ঘটনার সূত্রপাত বলে জানা গেছে।

এই ঘটনায় ওই মহিলা চিকিৎসক উলুবেড়িয়া থানায় অভিযোগ দায়ের করেছেন।

পুলিশ ওই অস্থায়ী হোমগার্ড সহ দুজনকে গ্রেপ্তার করেছে।

*******************************************************************

উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর মহকুমার ঈশ্বরীপুরে আজ ভোরে একটি রং-এর কারখানায় আগুন লাগে। দমকলের ২০ টি ইঞ্জিন আগুন নেভানোর কাজ করে।

সে সময় একটি গেঞ্জি ও ব্যাটারি কারখানাতেও আগুন ধরে। বেলা সাড়ে ১০ টা নাগাদ আগুন নিয়ন্ত্রণে আসে। এখনো পর্যন্ত হতাহতের কোনো খবর নেই।

অন্যদিকে, পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের ভিরিঙ্গী মোড়ে BSNL দপ্তরের সার্ভার রুমে আজ সকালে আগুন লাগে। দমকলের একটি ইঞ্জিন ঘন্টা খানেকের চেষ্টায় আগুন নেভায়। ঘরটি সম্পূর্ণ পুড়ে গেছে। শর্ট সার্কিট থেকে আগুন লাগে বলে দমকলের প্রাথমিক অনুমান।

*******************************************************************

কালীপুজোর রাতে গতকাল হুগলির কোন্নগরে গ্যাস অফিসে ভয়াবহ আগুন লাগে। জিটি রোড সংলগ্ন এলাকায় ঐ গ্যাস অফিসের ছাদে আগুনের শিখা দেখা যায়। দমকলের দু’টি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে প্রায় এক ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

****************************************************************